

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৩৫

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - রাসূলুল্লাহ (সা.) -এর স্বভাব-চরিত্রের বর্ণনা

اَلْفصنْلُ التَّالِثُ (بَابٌ فِي أَخْلَاقِهِ وَشَمَائِلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم)

## আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا عَائِشَةُ لَوْ شِئْتُ لَسَارَتْ مَعِي جِبَالُ الذَّهَبِ جَاءَنِي مَلَكٌ وَإِنَّ حُجْزَتَهُ لَتُسَاوِي الْكَعْبَةَ فَقَالَ: إِنَّ رَبَّكَ يَقْرَأُ عَلَيْكَ مَعِي جِبَالُ الذَّهَبِ جَاءَنِي مَلَكٌ وَإِنَّ حُجْزَتَهُ لَتُسَاوِي الْكَعْبَةَ فَقَالَ: إِنَّ رَبَّكَ يَقْرَأُ عَلَيْكَ السَّلَامَ وَيَقُولُ: إِنْ شِئْتَ نَبِيًّا عَبْدًا وَإِنْ شِئْتَ نَبِيًّا مَلِكًا فَنَظَرْتُ إِلَى جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ فَا السَّلَامَ وَيَقُولُ: إِنْ شِئْتَ نَبِيًّا عَبْدًا وَإِنْ شِئْتَ نَبِيًّا مَلِكًا فَنَظَرْتُ إِلَى جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ فَا فَنَظَرْتُ إِلَى جَبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ فَا فَا اللَّهُ اللللَّهُ اللللَّهُ اللَّهُ الللللَّ

اسناده ضعیف ، رواه البغوی فی شرح السنة (13 / 247 - 248 ح 3683) \* فیه ابو معشر نجیح : ضعیف ، و لحدیثه شواهد ضعیفة ۔

(ضَعيف)

#### বাংলা

৫৮৩৫-[৩৫] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) আমাকে লক্ষ্য করে বললেন, হে 'আয়িশাহ্! যদি আমি চাইতাম তাহলে স্বর্ণের পাহাড় আমার সাথে সাথে চলত। একদিন আমার কাছে একজন মালাক (ফেরেশতা) আসলেন, তার কোমর ছিল কাবাহ্ ঘরের সমপরিমাণ। তিনি এসে বললেন, আপনার প্রভু আপনাকে সালাম জানিয়ে বলেছেন, আপনি যদি ইচ্ছা করেন, তাহলে 'নবী এবং বান্দা হওয়া' গ্রহণ করতে পারেন কিংবা যদি ইচ্ছা করেন, তাহলে 'নবী এবং বাদশাহ হওয়া' গ্রহণ করতে পারেন। তিনি (সা.) বলেন, যখন আমি জিবরীল (আঃ)-এর দিকে দৃষ্টি দিলাম, তখন তিনি আমার দিকে ইঙ্গিত করলেন, নিজেকে নিম্নন্তরে রাখ।

# ফুটনোট

সনদ যঈফ: শারহুস্ সুন্নাহ্ ৩৬৮৩, য'ঈফাহ্ ২০৪৫, আবূ মা'শার-এর নাম নুজাই ইবনু 'আবদুর রহমান আস্ সিন্দী য'ঈফ; য'ঈফাহ ২০৪৫।



### ব্যাখ্যা

व्याच्या: (لَوْ شَيْتَ نَبِيًّا عَبْدً) অর্থাৎ আমি যদি দুনিয়ার সম্পদ চাইতাম ও তার দিকে ঝুকে পড়তাম।
(إِنْ شِيْتَ نَبِيًّا عَبْدً) অর্থাৎ যদি আপনি দাসের মতো নবী হতে চান। অর্থাৎ আপনার মাঝে নুবুওয়়াতের গুণাবলি ও দাসত্বের গুণাবলি একত্রিত হবে তাহলে তাই হবে। অথবা আপনি পছন্দ করে নিন।
(وَإِنْ شِیْتَ نَبِیًّا مَلِكًا) অর্থাৎ আল্লাহ আপনাকে ইখতিয়ার দিচ্ছেন আপনি যা চান তাই পছন্দ করতে পারেন। আর এতে ইঙ্গিত আছে যে, বাদশাহী ও পূর্ণ দাসত্ব একত্রিত হতে পারে না।
জিবরীল আমীনের পরামর্শ অনুযায়ী নবী (সা.) দাসত্ব নবী হওয়াকে পছন্দ করলেন। কারণ আল্লাহ মানুষকে তার দাসত্ব করার জন্যই সৃষ্টি করেছেন। মহান আল্লাহ বলেন, "আমি মানুষ ও জিনকে আমার 'ইবাদত করার জন্যই সৃষ্টি করেছি।" (সূরাহ্ আ যা-রিয়া-ত ৫১ : ৫৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন